অন্টারিও ওয়ার্কস (Ontario Works)-এর জন্য কিভাবে আবেদন করতে হবে

আপনার যদি খাদ্য এবং বাসস্থানের জন্য পর্যাপ্ত অর্থ না থাকে ও আপনার আর্থিক-সাহায্যের প্রয়োজন, আপনি অন্টারিও ওয়ার্কস-এর কাছে সহায়তার জন্য আবেদন করতে পারেন।

অনলাইন-এ আবেদন

- ✔ 24/7 উপলভ্য
- ✔ মোবাইল-বান্ধব (Mobile-friendly)

আপনার আবেদনপত্রটি সম্পূর্ণ করতে 20 থেকে 30 মিনিট সময় লাগবে এবং অনলাইনে আবেদন করার জন্য আপনার একটি ই-মেইল এড্রেস অবশ্যই থাকতে হবে।

শুরু করার জন্য:
ontario.ca/SocialAssistance-এ যান

টেলিফোনের মাধ্যমে আবেদন করা

- ✔ ছুটির দিনসমূহ ব্যতীত সোমবার থেকে শুক্রবার, সকাল 8:30টা থেকে বিকাল 5টা পর্যন্ত উপলভ্য

শুরু করার জন্য, প্রোভিন্স'স সোশ্যাল অ্যাসিস্টেন্স কনটাক্ট সেন্টার (Province's Social Assistance Contact Centre)-এ টেলিফোন করুন:
1-888-999-1142 / টিটিওয়াই (TTY): 1-800-387-5559

আপনি আবেদন করার পূর্বে

অনুগ্রহ করে সম্মতি প্রদান করার জন্য, প্রশ্নসমূহের উত্তর প্রদান করার জন্য এবং তাদের তথ্যাবলী নিশ্চিত করার জন্য **পরিবারের যেসকল সদস্যগণকে আপনার আবেদনপত্রে অন্তর্ভুক্ত করা হবে তাদের সবাইকে আপনার সাথে রাখুন।**

যে সকল নথিপত্রের প্রয়োজন

আবেদনকারীদের পরিবারের সকল সদস্যের পরিচয়পত্র, কর এবং আর্থিক নথিসমূহ নিয়ে প্রস্তুত থাকতে হবে, যেমন:

- ✔ সোশ্যাল ইন্স্যুরেন্স নাম্বার (এসআইএন - SIN)
- ✔ ওএইচআইপি কার্ড (OHIP Card) (অন্টারিও হেলথ কার্ড)
- ✔ জন্ম সনদপত্রসমূহ
- ✔ অভিবাসন সংক্রান্ত নথিপত্র
- ✔ ট্যাক্স রিটার্নসমূহ (কর প্রদান বিষয়ক নথিপত্র)
- ✔ ব্যাংকের তথ্যাবলী (ব্যাংকিং ইনফরমেশন)
- ✔ ইজারা বা ভাড়ার চুক্তিপত্র
- ✔ সর্বশেষ আয়ের উৎস

আমরা সাহায্য করার জন্য এখানে রয়েছি

> যদি আপনি ইংরেজি বা ফরাসি বলতে না পারেন এবং আপনি আপনার নিজস্ব দোভাষী প্রদান করতে অপারগ হন, আপনার আবেদনপত্রটি সম্পন্ন করতে সাহায্য করার জন্য দোভাষী সংক্রান্ত পরিষেবা (সার্ভিসেস) উপলভ্য রয়েছে।

> অনলাইনে আপনার আবেদনপত্রের অবস্থানটি দেখুন: **sada.mcss.gov.on.ca/applicationstatuschecker**-এ। অনুগ্রহ করে লক্ষ্য করুন যে এই পরিষেবাটি কতিপয় আবেদনপত্রের জন্য উপলভ্য নয়।

> আমাদের কর্মসূচিসমূহ এবং পরিষেবাসমূহ সম্পর্কে আরও তথ্যের জন্য: **toronto.ca/humanservices**-এ যান। সিটি অফ টরন্টো (City of Toronto)-র ওয়েবসাইটটি বহু ভাষায় অনুবাদ করা যেতে পারে। 180টির বেশী ভাষায় সিটি-র পরিষেবাসমূহ সম্পর্কে তথ্য পাওয়ার জন্য আপনি 311 নম্বরে টেলিফোনও করতে পারেন।